## সেপ্টেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত পঞ্চম উপজেলা পরিষদের (২৯তম) মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ ঃ ২৭/০৯/২০২১ খ্রিঃ।

সভাপতি ঃ জনাব মোঃ শরাফ উদ্দিন আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগতি, লক্ষ্মীপুর।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক" ও "খ" তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস চলমান থাকা অবস্থায় স্বাস্থ্য বিধি মেনে উপজেলা পরিষদের মাসিক সভায় যোগদান করায় সকলকে অভিনন্দন জানান। তবে অদ্যকার মাসিক সভায় কোন ইউপি চেয়ারম্যান উপস্থিত না থাকায় তিনি দুঃখ প্রকাশ করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মাধ্যমে সকল ইউপি চেয়ারম্যানদের আলোচনায় বসার ও মাসিক সভায় যোগদান করার জন্য কয়েক বার অনুরোধ জানিয়েছেন। কিন্তু তাতে কোন সাড়া পাওয়া যায়নি। তাই তিনি উপজেলা পরিষদ ম্যানুয়াল অনুযায়ী তাদের বিরুদ্ধে স্থানীয় সরকার মন্ত্রণালয়ে পত্র লিখবেন মর্মে সভাকে জানান। অতঃপর অদ্যকার সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, রামগতিকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান এবং উপজেলা পরিষদের সকল বিভাগীয় প্রধানসহ উপস্থিত সকলকে করোনাকালীন জনস্বার্থে অদ্যকার মাসিক সভায় অংশগ্রহণ করায় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা পরিচালনার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ ঃ** উপজেলা নির্বাহী অফিসার আগস্ট/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। ইহাতে কোন প্রকার সংশোধনী না থাকায় আগস্ট /২০২১ মাসের কার্যবিবরণী দৃঢ় করণ করা হয়। | আগস্ট /২০২১ খ্রিঃ মাসের কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করণ করা হয়। | উপজেলা পরিষদ ও সংশ্লিষ্ট বিভাগসমূহ। |
| ০২ | **বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা ঃ** বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে ধারাবাহিকভাবে আলোচনা করা হয়। আলোচনাকালে সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সন্তোষজনক বলে উপস্থিত সকলে মত প্রকাশ করেন। | সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট সকল। |
| ০৩ | **বিভাগীয় আলোচনা ঃ**<br>**উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সভায় জানান বর্তমানে করোনা ভাইরাসের প্রাদুর্ভাব অনেকটা হ্রাস পেয়েছে। বর্তমানে সনাক্তের হার প্রায় ৬%। এছাড়া নমুনা সংগ্রহের কাজ নিয়মিত চলমান রয়েছে। তবে সকলকে আরো সচেতন হওয়ার জন্য অনুরোধ জানান। কর্মকর্তা আরো বলেন এক্স-রে ও ও ডেন্টাল এক্স-রে ফিল্ম বাবদ বার্ষিক (১৬,০০০x১২ মাস) = ১,৯২,০০০/- টাকা। টেকনিশিয়ান ফি বাবদ ৫০০০x১২ মাস) = ৬০,০০০/-টাকা এবং ডেন্টাল ফিলিং রি-এজেন্ট বাবদ ৫০,০০০/-টাকাসহ সর্বমোট ৩.০২,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার প্রস্তাব করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং চাহিত বিলটি উপজেলা পরিষদ উন্নয়ন ও অপ্রত্যাশিত খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | নমুনা সংগ্রহের কাজ এবং ভ্যাকসিন প্রদানের কাজ নিয়মিত করতে হবে।<br>০২। চাহিত বিলটি উন্নয়ন ও অপ্রত্যাশিত খাত হতে পরিশোধ করা হবে। | ১। সংশ্লিষ্ট কর্মকর্তা ও উপজেলা পরিষদ। |
| ০৪ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন এ উপজেলায় মোট সক্ষম দম্পত্তি ৩৫,৫৮২ জন, গ্রহণকারী ২৭৩৮৩ জন, গ্রহণকারীর হার ৭৭.০৭%, বিভিন্ন ইউনিয়ন সেবাকেন্দ্রে প্রাতিষ্ঠানিক ডেলিভারী ১১৪ জন, স্থায়ী পদ্ধতি মহিলা ০৫ জন, ইমপ্লানন ৩ বছর মেয়াদী ৭১ জন, আই ইউ ডি ১০ বছর মেয়াদী ২৬ জন এবং অস্থায়ী পদ্ধতি স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুন্দরভাবে চালাতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৫ | **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে কৃষি বিভাগের যাবতীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া রবি ফসল আউশ এর লক্ষ্যমাত্রা ৮৩৫০ হেক্টর, অর্জন ৫২০০ হেক্টর। আমন আবাদ ২৩৭০০ হেক্টর, অর্জন ২৩৫০০ হেক্টর। গ্রীষ্মকালিন শাকসবজি ৪০০ হেক্টর, অর্জন ২৫০ হেক্টর। তিনি বলেন বর্তমানে রাসায়নিক সার-ইউরিয়া-১৩৫ মে.টন, টিএসপি ১৫ মে.টন, ডিএপি-৩২ মে.টন ও এমওপি-১৫ মে.টন মজুদ রয়েছে। | মাঠ ফসল উৎপাদনের বিষয়টি সুন্দরভাবে পরিদর্শন ও পরিচর্যা করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ০৬ | **উপজেলা মৎস্য বিভাগ ঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় বলেন ০৪ অক্টোবর হতে ২৫ অক্টোবর/২১ খ্রিঃ পর্যন্ত ২২ দিন মা ইলিশ রক্ষা অভিযান চলবে। অভিযান চলাকালিন সকল প্রকার ইলিশ আহরণ, ক্রয়-বিক্রয়, মজুদ ও পরিবহন সবই নিষিদ্ধ। এ বিষয়ে উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন, জনপ্রতিনিধি, থানা পুলিশ, নৌ-পুলিশ, কোস্টগার্ড ও আইনশৃংখা বাহিনীর সার্বিক সহযোগিতা কামান করেন। এছাড়া মা ইলিশ ধরা থেকে বিরত থাকা জেলে পরিবারকে পরিবার প্রতি ২০ কেজি হারে ভিজিএফ চাল বরাদ্দ দেয়া হবে মর্মে তিনি সভাকে জানান। | চলমান অভিযানটি শতভাগ সফল করতে হবে। | সংশ্লিষ্ট সকল। |
| ০৭ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় গঠিত ১০টি উৎপাদনকারী দলের তালিকা ইতোমধ্যে অনুমোদনের জন্য প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়েছে। জনস্বাস্থ্য সুরক্ষায় ভেটেরিনারী পাবলিক হেলথ সার্ভিস জোরদার করণ প্রকল্পের আওতায় জুনেটিক রোগে মারা যাওয়া গরু/মহিষের ডিসপোজাল ও ক্ষতিপূরণ বাবদ আর্থিক সাহায্য প্রদানের সুযোগ রয়েছে। এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করা হয়। এছাড়া কসাই/ মাংস বিক্রেতা কর্তৃক যেন অসুস্থ পশু জবাই না হয় সে ব্যাপারে সচেতন হওয়ার অনুরোধ জানান। | এ বিষয়ে ব্যাপক প্রচারণার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ০৮ | **উপজেলা প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলী, এলজিইডি, রামগতি সভায় বলেন ২০২১-২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দের আলোকে প্রকল্প গ্রহণ ও যাচাই বাছাই এর কার্যক্রম চলমান রয়েছে। | | উপজেলা পরিষদ ও উপজেলা প্রকৌশলী। |
| ০৯ | **উপজেলা খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান বর্তমানে এ দপ্তরে ৭৭৩ মে.টন চাল, ০৩ মে.টন ধান, ০১ মে.টন গম মজুদ রয়েছে। আপদ কালিন খাদ্য নিরাপত্তার জন্য অধিক মজুদ নিশ্চিত করণের জন্য চালের চলাচল সূচি চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চালাতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ১০ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান ২০২১-২২ অর্থ বছরে টিআর/কাবিটা এর ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দের আলোকে বিভাজন পূর্বক সকল ইউপি চেয়ারম্যানদেরকে প্রকল্প দাখিল করার জন্য পত্র দেয়া হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চালাতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ১১ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের পক্ষে প্রতিনিধি উপজেলা একাডেমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, করোনার কারণে দীর্ঘ ১৮ মাস যাবত সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার পর চলতি ১২ সেপ্টেম্বর /২১ হতে খোলা হয়েছে এবং স্বাস্থ্য বিধি মেনে শ্রেণি কার্যক্রম চলছে এবং সকল শিক্ষার্থীদের মাঝে এ্যাসাইনমেন্ট প্রশ্ন দেয়া হয়েছে এবং নির্ধারিত তারিখে জমা দেয়ার জন্য বলা হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুন্দরভাবে চালাতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ১২ | **উপজেলা শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে বৈশ্বিক মহামারী করোনার কারণে দীর্ঘ ১৮ মাস যাবত শিক্ষা প্রতিষ্ঠানগুলো বন্ধ থাকার পর চলতি ১২ সেপ্টেম্বর/২১ হতে স্বাস্থ্য বিধি মেনে শ্রেণি কার্যক্রম চলছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুন্দরভাবে চালাতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ১৩ | **উপজেলা সমাজসেবা বিভাগঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে এ উপজেলায় বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ভাতাভোগীদের ভাতা প্রদানের প্রক্রিয়া প্রায় চূড়ান্তর পর্যায়ে। এছাড়া আগামী ২০২১-২২ অর্থ বছর হতে এ উপজেলাতে শতভাগ ভাতাভোগীকে ভাতা প্রদান করা হবে। ভাতা পাওয়ার যোগ্য এমন কেউ বাদ থাকলে তার আইডিকার্ড ও বিকাশ নম্বর অত্রাফিসে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। এছাড়া সকল | শতভাগ ভাতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| | [illegible] ...স্তরে পর্যাপ্ত জনবল রয়েছে এবং নিয়মিত জনসেবামূলক [illegible] রয়েছে। তবে অফিস কক্ষ খুবই ছোট হওয়ায় বিদ্যমান জনবলকে বসার স্থান প্রদানে বিষণ বিঘ্ন ঘটছে। তাই জনসেবার স্বার্থে উপজেলা সমাজসেবা অফিসের জন্য নতুনভাবে আরো একটি কক্ষ বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | | |
| ১৪ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, লক্ষ্মীপুর জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্রের প্রাতিষ্ঠানিক গবাদি পশু, হাঁস-মরগী পালন, প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়া অত্র উপজেলায় মৎস্যচাষ বিষয়ে ০১ (এক) ব্যাচ প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ চলমান রয়েছে। অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ সেপ্টেম্বর/২১ খ্রিঃ অনুমোদনের জন্য উপপরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। অন্যান্য ব্যাচগুলো এপিএ চুক্তি মোতাবেক প্রশিক্ষণ সমাপ্ত করা হবে। চলতি ২১-২২ অর্থ বছরে যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৩৩,০০,০০০/-টাকা। তবে বরাদ্দ না থাকায় ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে ১,২০,০০০/-টাকা বিতরণ করা হয়েছে। শুরু থেকে এ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ২,২৫,৯৮,৫০০/-টাকা। আদায় ১,৭৪,৯৮,৩০০/-টাকা। খেলাপী রয়েছে ১৫,৭০,৯২২/-টাকা। | বিভাগীয় কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ১৫ | **উপজেলা সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, রামগতি উপজেলায় সমবায় বিভাগের আওতায় সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচির ৩য় পর্যায়ের প্রকল্প কার্যক্রম চলমান। এ প্রকল্পের আওতায় এযাবৎ অত্র উপজেলায় ৫০টি সিভিডিপি প্রকল্পভূক্ত সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়। গত মাসে ০১টি সমিতি নিবন্ধন করা হয়েছে। আরো ৯টি সমবায় সমিতি নিবন্ধনের প্রক্রিয়া চলমান রয়েছে। নিবন্ধীত ৫১টি সমিতির ম্যানেজার/গ্রামকর্মীদের প্রকল্প হতে মাসিক ২,০০০/-টাকা হারে প্রদান করা হয়। পাশাপাশি সমিতিভূক্ত সদস্যদের প্রকল্পের খরচে বিভিন্ন বিষয়ে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। চলতি ২০২১-২২ অর্থ বছরে সিভিডিপি প্রকল্পের অধীন অত্র উপজেলা হতে ১০জন সদস্যকে ওয়েল্ডিং ও ২০জন সদস্যকে ফ্রিজ/এসি বিষয়ক প্রশিক্ষণে অংশ গ্রহণের জন্য ঢাকা সভারে প্রেরণ করা হয় এবং ১০ জন মহিলা সমবায়ী সদস্যকে সেলাই বিষয়ক ০১ মাসের প্রশিক্ষণ গ্রহণ করার জন্য সমবায় ইনস্টিটিউট, নরসিংদীতে প্রেরণ করা হয়েছে। প্রশিক্ষণ শেষে কর্ম সংশ্লিষ্ট সরঞ্জাম প্রকল্পের খরচ বিনামূল্যে দেয়া হয়। এছাড়া রামগতি উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের জন্য প্রকল্প দপ্তর হতে ঋণ বাবদ ৬৪,৮০,০০০/-টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। তন্মধ্যে ৬টি আশ্রয়ণ প্রকল্পে মোট ২৯,৩৭,০০০/-টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চর আবদুল্লাহ ইউনিয়নে অবস্থিত ২টি আশ্রয়ণ প্রকল্প নদী ভাঙ্গনের কবলে পড়ায় উক্ত প্রকল্পে ঋণ বিতরণ করা হয়নি। তেলিয়ার চর চেয়ারম্যান বাজার আশ্রয়ণ প্রকল্পটি নদী ভাঙ্গণের সম্মুখীন হওয়ায় উক্ত প্রকল্পে ঋণ বাবদ প্রাপ্ত ১৬,০০,০০০/-টাকা এবং ব্যাংক সুদ বাবদ ১,৫০,০০০/-টাকাসহ সর্বমোট ২১,৬১,০০০/-টাকা প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়েছে। এ পর্যন্ত গ্রহীতাদের নিকট হতে আসল বাবদ ১৫,৫১,৯১৬/-টাকা এবং সার্ভিস চার্জ বাবদ ১,২৪,২১৬/-টাকা আদায় করা হয়েছে। আদায়ের হার ৫৩%। সার্ভিস চার্জ বাবদ ৪১,৩০২/-টাকা প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়েছে। তিনি বলেন নিলয় ও বালুর চর আশ্রয়ণ প্রকল্প ০২টি নদী ভাঙ্গণের সম্মুখীন হওয়ায় ০২টির সকল সদস্য অন্যত্র চলে যায়। ফলে উভয় আশ্রয়ণ প্রকল্পের সর্বমোট ৩,০২,১৯১/-টাকা বকেয়া রয়েছে যায়। তাই উক্ত বকেয়া আদায়ে উপজেলা পরিষদের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। এ প্রেক্ষিতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন ঋণ খেলাপী লোকগুলো বার বার নদী ভাঙ্গণের শিকার। মেঘনা নদীর ভায়াবহ ভাঙ্গণের তারা সর্বস্ব হারিয়েছে। ঋণ শোধ করারমত তাদের কোন অবস্থা নেই। তাই তাদের বকেয়া ঋণ মওকুফের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র লিখতে সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। এছাড়া সমবায় বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ বিতরণ ও আদায় যথা নিয়মে বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৬ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের আওতায় কিশোর কিশোরী ক্লাব স্থাপণ প্রকল্পের আওতায় ক্লাবসমূহের মাঝে সাংস্কৃতিক উপকরণ ও ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চালাতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ১৭ | **উপজেলা বন বিভাগ ঃ** উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের ৫০০০টি চারা বরাদ্দ রয়েছে এবং চাহিদাপত্র অনুযায়ী চারাগুলো বিতরণের কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো বলেন নার্সারীতে বিদ্যমান চারাগুলো রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তার জন্য নার্সারীর দক্ষিণ পাশ দিয়ে ৬০ ফুট দৈর্ঘ্যের একটি বাউণ্ডারীওয়াল নির্মাণ করার প্রস্তাব করলে সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং বাউণ্ডারী ওয়াল নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুন্দরভাবে চলছে। | উপজেলা পরিষদ থেকে বাউন্ডারী ওয়াল নির্মাণ করা হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা ও উপজেলা পরিষদ। |
| ১৮ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর সভায় জানান ২০২১-২২ অর্থ বছরে বাস্তবায়নের জন্য অত্র রামগতি উপজেলায় ২০৮টি গভীর নলকূপের বরাদ্দ দেয়া হয়েছে। উপজেলা ওয়াটসন কমিটির অনুমোদন সাপেক্ষে গভীর নলকূপসমূহ বাস্তবায়নের প্রস্তাব করেন। | বিভাগীয় কার্যক্রম সুন্দরভাবে চালাতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ১৯ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে অত্র দপ্তরের মাধ্যমে বিভিন্ন কর্মসূচির আওতায় চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ৩৩৯৯ লক্ষ টাকা এবং আদায় হয়েছে ৩০৯৫.২৯ লক্ষ টাকা। খেলাপী রয়েছে ৩০৪.৩৬ টাকা। এছাড়া বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | সভায় নিয়মিত উপস্থিত হতে হবে | সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ২০ | **পল্লী বিদ্যুৎ বিভাগঃ** ডিজিএম,পল্লী বিদ্যুৎ সমিতি সভায় বলেন বিভাগীয় কার্যক্রম সুন্দরভাবে চলছে। এ প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার বলেন বর্তমানে অনেক লোডশেডিং লক্ষ্য করা যাচ্ছে। বিষয়টি জানতে চাইলে ডিজিএম বলেন কিছু কিছু এলাকায় গাছের ডাল পালা বেড়ে গেছে। উক্ত ডাল পালা কাটার প্রয়োজনে মাঝে মাঝে লোডশেডিং লক্ষ্য করা যাচ্ছে। তবে অচিরেই এ সমস্যা নিরসন হবে মর্মে তিনি সভাকে জানান। | ০১। বিভাগীয় কার্যক্রম সুন্দরভাবে চালাতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ২১ | **উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, এমএসভিএসবি প্রকল্পের আওতায় Sample Vital Registration System জরিপ এর তথ্য সংগ্রহ কাজ প্রতি মাসের ০১-১৫ তারিখের মধ্যে করা হয়। এছাড়া বার্ষিক কৃষি পঞ্জিকার মাধ্যমে মাসব্যাপী বিভিন্ন প্রধান ও অপ্রধান ফসলের আনুমানিক হিসেবের তথ্য সংগ্রহ করা হয়। | ০১। বিভাগীয় কার্যক্রম সুন্দরভাবে চালাতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ২২ | **উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশানঃ** উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১ -২০২২ অর্থ বছরে সুফলভোগীদের মাঝে ঋণ বিতরণ করা হয়েছে ১২.০৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য ১৩.২১ লক্ষ টাকা। আদয় হয়েছে ১২.৩৩ লক্ষ টাকা। আদায়ের হার ৯৩%। বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চলছে। | ঋণ বিতরণ ও আদায় যথাযথভাবে করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা। |
| ২৩ | **আগস্ট/ ২১ মাসে উপজেলা রাজস্ব তহবিলের আয়-ব্যয় ও স্থিতি হিসাব নিম্নরূপ ঃ**<br>**০১। আয় অংশ ঃ**<br>(ক) পূর্বমাস হতে আগত — ১৭,২০৪৪৭/-<br>(খ) আগস্ট /২১ মাসে আয় (হাট বাজার ও ভূমি উন্নয়ন হতে) — ৩,৪২,৭৫০/-<br>**মোট আয়** — ২০,৬৩,১৯৭/-<br>**ব্যয়-অংশ ঃ**<br>(ক)·উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের সম্মানী ভাত — ৯৪,০,০০/-<br>(খ) আপ্যায়ন ভাতা — ৩০,০০০/-<br>(গ) আনুষাঙ্গীক — ৫,০০০/-<br>(ঘ) কর্মচারীদের বেতন ভাতা — ৪২,০০০/-<br>(ঙ) আনসারদের জ্বালানী ব্যয় — ২৩২২/-<br>(ছ) উপজেলা চেয়ারম্যানে নেম প্লেট ও আনযাঙ্গীক ব্যয় — ২৩,০০০/-<br>(চ) উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের সম্মানী ভাত — ৯৪,০০,০০/- | উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আগস্ট /২০২১ খ্রিঃ মাসের বিবিধ খাতের আয়-ব্যয় ও স্থিতি হিসাব পরিষদের সদস্যদের সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | উপজেলা পরিষদ। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ৩০,০০০/-<br>([illegible]) আনুষঙ্গিক ব্যয় ৫,০০০/-<br>মোটব্যয়= ৩,২৫,৩২২/-<br>১ সেপ্টেম্বর /২১ খ্রিঃ তারিখ পর্যন্ত স্থিতি = ১৭,৩৭,৮৭৫/- | | |
| ২৪ | **আবহাওয়া অফিস সংক্রান্ত ঃ** ভারপ্রাপ্ত কর্মকর্তা আবহাওয়া অধিদপ্তর, সভায় জানান বিভাগীয় কার্যক্রম যথানিয়মে চলছে। | বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চালাতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২৫ | **বাল্যবিবাহ প্রতিরোধ সংক্রান্তঃ** উপজেলা নির্বাহী অফিসার, রামগতি সভায় বলেন এ উপজেলার বিভিন্ন ইউনিয়নে এখনো বাল্যবিবাহ হচ্ছে। এটি প্রতিরোধ করা খুব জরুরি। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে সকলকে আরো সচেতন হতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও সকল ইউপি চেয়ারম্যান। |
| ২৬ | **তথ্য আপা সংক্রান্তঃ** তথ্য আপা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম ভালোভাবে চালাতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২৭ | **ইউজিডিপি ঃ** ইউডিএফ সভায় অনুপস্থিত। | | |
| ২৮ | **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ** ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রামগতি শাখা সভায় বলেন ৩০জুন/২০২১ মাসে আমার বাড়ি আমার খামার প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। বর্তমানে প্রতিষ্ঠানটির নাম হচ্ছে পল্লী সঞ্চয় ব্যাংক। আগস্ট/২১ মাসে ঋণ বিতরণ হয়েছে ৮২.০০ লক্ষ টাকা। বকেয়াসহ আদায় হয়েছে ৮৫.০৩ লক্ষ টাকা। তিনি আরো জানান ১৫ আগস্ট উপলক্ষ্যে রামগতি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ০১টি অক্সিজেন সিলিন্ডার বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ বিতরণ ও আদায়ে সকলকে দায়িত্বশীল হতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২৯ | সভাপতি অদ্যকার মাসিক সভায় গৃহীত সকল সিদ্ধান্ত সুন্দরভাবে বাস্তবায়ন করার জন্য সকলকে অনুরোধ জানান। | | উপজেলা পরিষদ। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকল বিভাগের কর্মকর্তাদেরকে বিভাগীয় কার্যক্রম সরকারি বিধি বিধান ও নীতিমালা অনুযায়ী সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়ন করাসহ সংশ্লিষ্ট বিভাগের কার্যপত্র ও কমিটির সিদ্ধান্তসমূহ সুপারিশ আকারে উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করতঃ মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শরাফ উদ্দিন আজাদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা।
রামগতি, লক্ষ্মীপুর।

CamScanner

স্মারক নং ৪৬.৪২.৫১৭৩.০০০.০৩.০০৬.২০২১-৮৫ /(৫০)/১(৫) তারিখঃ ২৮/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৭৭, লক্ষ্মীপুর-৪ (রামগতি-কমলনগর)

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

০৪। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।

০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর।

০৬। উপজেলা..............................................................রামগতি, লক্ষ্মীপুর।

০৭। মেয়র/চেয়ারম্যান....................................................পৌরসভা/ ইউনিয়ন পরিষদ, রামগতি, লক্ষ্মীপুর।

০৮। জনাব,........................................................রামগতি, লক্ষ্মীপুর।

০৯। অফিস নথি।

28.09.2021

(মোঃ আব্দুল মোমিন)
উপজেলা নির্বাহী অফিসার
রামগতি, লক্ষ্মীপুর।

CamScanner

২৭/০৯/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভায়
উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

-ঃ জনপ্রতিনিধিবৃন্দ ঃ-

| ক্রঃ নং | উপস্থিতি "ক" অংশ | ক্রঃ নং | অনুপস্থিতি "খ" অংশ |
|---|---|---|---|
| | পদবী ও ঠিকানা | | পদবী ও ঠিকানা |
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগতি। | ০১ | উপজেলা ভাইস চেয়ারম্যান, রামগতি। |
| ০২ | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, রামগতি। | ০২ | মেয়র, রামগতি পৌরসভা। |
| ০৩ | সংরক্ষিত মহিলা সদস্য-০১। | ০৩ | চেয়ারম্যান, ৮নং বড়খেরী ইউপি,রামগতি। |
| | | ০৪ | চেয়ারম্যান, ২ নং চর বাদাম ইউনিয়ন। |
| | | ০৫ | চেয়ারম্যান, ৯ নং চর গাজী ইউনিয়ন এর প্রতিনিধি |
| | | ০৬ | চেয়ারম্যান, ৪ নং আলেকজান্ডার ইউনিয়ন। |
| | | ০৭ | চেয়ারম্যান, ৫ নং চর আবদুল্লাহ ইউপি। |
| | | ০৮ | চেয়ারম্যান,৭নং চর রমিজ ইউনিয়ন। |
| | | ০৯ | চেয়ারম্যান, ৩ নং চর পোড়াগাছা ইউপি,রামগতি। |
| | | ১০ | চেয়ারম্যান, ৬ নং চর আলগী ইউপি, রামগতি |
| | | ১১ | সংরক্ষিত মহিলা সদস্য-২ |
| | | ১২ | সংরক্ষিত মহিলা সদস্য-৩ |

-ঃ কর্মকর্তাবৃন্দ ঃ-

| ক্রঃ নং | উপস্থিতি "ক" অংশ | ক্রঃ নং | অনুপস্থিতি "খ" অংশ |
|---|---|---|---|
| | পদবী ও ঠিকানা | | পদবী ও ঠিকানা |
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, রামগতি। | ০১ | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রামগতি। | ০২ | |
| ০৩ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, রামগতি। | ০৩ | |
| ০৪ | উপজেলা কৃষি কর্মকর্তা,রামগতি। | | |
| ০৫ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, রামগতি। | | |
| ০৬ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা। | | |
| ০৭ | উপজেলা সমবায় অফিসার, রামগতি। | | |
| ০৮ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, রামগতি। | | |
| ০৯ | উপজেলা বন কর্মকর্তা, রামগতি। | | |
| ১০ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামগতি। | | |
| ১১ | উপজেলা প্রকৌশলী, রামগতি। | | |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রামগতি। | | |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, রামগতি। | | |
| ১৪ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রামগতি। | | |
| ১৫ | উপজেলা শিক্ষা অফিসার, রামগতি। | | |
| ১৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রামগতি। | | |
| ১৭ | ডিজিএম, লক্ষীপুর পল্লী বিদ্যুত সমিতি, রামগতি শাখা। | | |
| ১৮ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, রামগতি | | |
| ১৯ | ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, রামগতি উপজেলা | | |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রামগতি | | |
| ২১ | উপজেলা সমাজসেবা অফিসার, রামগতি। | | |
| ২২ | উপজেলা পানি উন্নয়ন অফিস, রামগতি। | | |
| ২৩ | ইউডিএফ, রামগতি। | | |
| ২৪ | তথ্য আপা। | | |

CamScanner